**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 22.03.2025** **Desk in Charge : SDG**

**Time : 7.50 P.M.** **Compiling & NR :- S. BASU**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ শহরাঞ্চলের দরিদ্রদের জন্য আগামী পাঁচ বছরে ২'লক্ষের'ও বেশী বাড়ি তৈরীর লক্ষ্যমাত্রা ধার্য করেছে রাজ্য সরকার।

২/ পঞ্চায়েত স্তরে রাজস্ব ফাঁকি রুখতে রাজ্য সরকার কেন্দ্রীয়ভাবে আরো উন্নত পদ্ধতিতে ডিজিটাল নজরদারির সিদ্ধান্ত নিয়েছে।

৩/ পরিবেশ সংরক্ষণ সম্পর্কে সচেতনতার প্রসারে সারা দেশে আজ সাড়ে আট'টা থেকে সাড়ে নটা পর্যন্ত পালিত হবে 'আর্থ আওয়ার' ।

৪/ আজ বিশ্ব জল দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশ জুড়ে দিনটি পালিত হচ্ছে।

৫/ মোহনবাগান ও ইস্টবেঙ্গল, আগামীকাল কলকাতা প্রিমিয়ার লীগ হকি ফাইনালে মুখোমুখি হবে।

৬/ বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে কলকাতার ইডেন গার্ডেন্সে অষ্টাদশ ইন্ডিয়ান প্রিমিয়ার লীগ– IPL ক্রিকেটের সূচনা হয়েছে ।

# কলকাতা নাইট রাইডার্স খেলছে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর বিরুদ্ধে।

******************************************************************

কেন্দ্রীয় সরকারের গ্রামীণ আবাস যোজনা প্রকল্প থেকে বঞ্চিত আরও ১৬ লক্ষ আবেদনকারিকে রাজ্য সরকারের আবাস প্রকল্পের আওতায় নিয়ে আসার কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এবার শহরাঞ্চলের দরিদ্র দের জন্য আগামী পাঁচ বছরে দুলক্ষের বেশি বাড়ি তৈরির লক্ষ্যমাত্রা ধার্য করেছে রাজ্য সরকার। পুর এলাকায় বাংলার বাড়ি প্রকল্পের আওতায় মোট ২ লক্ষ ১০ হাজার বাড়ি তৈরি করা হবে বলে পুর ও নগরোন্নয়ন দফতর সূত্রে জানা গেছে। শহরাঞ্চলে প্রতিটি বাড়ি তৈরির জন্য রাজ্য দেয় ১ লক্ষ ৯৩ হাজার টাকা। কেন্দ্র দেয় দেড় লক্ষ টাকা। কিন্তু এই খাতেও কেন্দ্রের কাছে প্রায় ১৭০০ কোটি টাকা বকেয়া রয়েছে বলে রাজ্য সরকার দাবি করেছে।

*********************

পঞ্চায়েত স্তরে রাজস্ব ফাঁকি রুখতে রাজ্য সরকার কেন্দ্রীয়ভাবে আরো উন্নত পদ্ধতিতে ডিজিটাল নজরদারির সিদ্ধান্ত নিয়েছে।
গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ এই তিনটি স্তরেই আয়-ব্যয়ের উপরে নজরদারির জন্য আগামী পয়লা এপ্রিল থেকে সহজ সরল নামে একটি পোর্টাল চালু করা হচ্ছে। একমাত্র এই পোর্টালের মাধ্যমে পঞ্চায়েত ব্যবস্থায় প্রতিটি স্তরের আর্থিক লেনদেন নিশ্চিত করতে হবে বলে পঞ্চায়েত দপ্তরের তরফে জেলা শাসকদের নির্দেশ দেওয়া হয়েছে।
অনলাইন বিল্ডিং প্ল্যান, ট্রেড লাইসেন্স, পঞ্চায়েত স্তরে পর্যটন, দরপত্র ডাকা সহ আরো কয়েকটি বিষয়কে এই পোর্টালের মাধ্যমে সংযুক্ত করা হয়েছে।

*********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ লন্ডন সফরে রওনা হয়েছেন। সন্ধ্যায় কলকাতা বিমানবন্দর থেকে তিনি দুবাই-এর উদ্দেশে যাত্রা শুরু করছেন বলেনবান্ন সূত্রে জানা গেছে। সেখান থেকে মুখ্যমন্ত্রী আগামীকাল লন্ডনের হিথ্রো বিমানবন্দরে নামবেন।

এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী, রাজ্যবাসীকে ধন্যবাদ জানান। তিনি সবার সুখ স্বাচ্ছন্দ কামনা করেন।

আগামী ২৯ তারিখ মুখ্যমন্ত্রীর কলকাতায় ফেরার কথা।

*********************

মুখ্যমন্ত্রীর লন্ডন থেকে আমন্ত্রণ পাওয়া গর্বের বিষয় বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন। কলকাতায় আজ বণিক সভা সিআইআই আয়োজিত এক অনুষ্ঠানের ফাঁকে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্যপাল জানান বাংলার যেকোনো শুভ বিষয়ে তাকে আনন্দিত করে। মুখ্যমন্ত্রী অতিথি হিসেবে লন্ডনের বিশ্ববিদ্যালয় বক্তব্য রাখতে যাচ্ছেন তাতে তিনি গর্বিত। মুখ্যমন্ত্রীর এই সম্মান আসলে বাংলার সাফল্য বলেও রাজ্যপাল মন্তব্য করেছেন।

*********************

আবগারি দপ্তরের অধীন মদের দোকান, বার ও নাইট ক্লাবে মহিলাদের নিয়োগের সিদ্ধান্তের বিরুদ্ধে রাজ্য বিজেপি মহিলা মোর্চা আজ কলকাতায় প্রতিবাদ মিছিল করে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ও রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল এই মিছিলে অংশ নেন। অগ্নিমিত্রা পাল বলেন, রাজ্যে মহিলাদের সুরক্ষা নেই

( বাইট- অগ্নিমিত্রা)

অপরাজিতা বিল নিয়ে অতি সক্রিয় হওয়ার পরিবর্তে ভারতীয় ন্যায়সংহিতা অনুযায়ী অপরাধীদের শাস্তির ব্যবস্থা করার জন্য তিনি দাবি জানিয়েছেন। কলেজ স্কোয়ার থেকে শুরু হয়ে বউবাজারে আফগানি দপ্তরের কার্যালয়ে মিছিল শেষ হয়।

*********************

তৃণমূল কংগ্রেসের নেতা কর্মীরা আজ পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে বিজেপি নেতা, প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষের বাসভবনের সামনে বিক্ষোভ দেখিয়েছেন। বিক্ষোভে নেতৃত্ব দেন তৃণমূলের পশ্চিম মেদিনীপুর জেলা সহ-সভাপতি দেবাশিস চৌধুরী। বিক্ষোভের খবর পেয়ে সেখানে পৌঁছে যান বিজেপির নেতাকর্মীরা। স্লোগান এবং পাল্টা স্লোগানে উত্তেজনার সৃষ্টি হয়। দিলীপ ঘোষ সে সময় বাড়িতে ছিলেন না বলে খবর।

উল্লেখ্য, গতকাল ৬ নম্বর ওয়ার্ডে রাস্তা উদ্বোধন করতে গিয়ে দিলীপ ঘোষ-কে ঘিরে বিক্ষোভ দেখান স্থানীয়রা। সে সময় তাঁদের উদ্দেশে দিলীপ বাবু কটু মন্তব্য করেন বলে তৃনমূলের অভিযোগ। এদিকে নিজের অবস্থানে তিনি অনড় বলে দিলীপ ঘোষ জানিয়েছেন। আজ সকালে এক চা চক্রে অংশ নিয়ে বিজেপি-র প্রাক্তন রাজ্য সভাপতি বিক্ষোভের পেছনে তৃণমূল কংগ্রেস রয়েছে বলে পাল্টা অভিযোগ করেন।

*********************

হাওড়ার বেলগাছিয়ায় গত বুধবার রাতে ধ্বস-এর কারণে পদ্মপুকুর জল প্রকল্পের মেইন পাইপ লাইন ফাটলের জেরে সেখানকার ২২ টি ওয়ার্ডের মানুষজন এখনও জল সঙ্কটের মধ্যে রয়েছেন বলে জানা গেছে। গতকাল সেখানে নতুন করে ধ্বস নামায় পাইপলাইন মেরামতির কাজ ও ব্যাহত হচ্ছে। ধ্বস-এর ফলে কয়েকটি বিদ্যুতের খুঁটি উপড়ে পড়ার কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার খবর পাওয়া গেছে। বর্তমানে জলের গাড়ি পাঠিয়ে সংকট মেটানোর চেষ্টা চলছে।

পুরভবনে আজ রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম বলেন, হাওড়া পুরসভার সংগে বিষয়টি নিয়ে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে। এদিকে রাজ্যের মন্ত্রী অরূপ রায় আজ এলাকা পরিদর্শনে যান। পরিস্থিতির বেশ খানিকটা উন্নতি হয়েছে বলে হাওড়া পুর নিগমের মুখ্য প্রশাসক ডঃ সুজয় চক্রবর্তী জানিয়েছেন।

*********************

পশ্চিম মেদিনীপুরের পিংলা ব্লকের নয়াগ্রাম, পটচিত্রের জন্য সারা দেশে সমাদৃত। এবার সেই খ্যাতিকে আন্তর্জাতিক স্তরে পৌঁছে দিতে উদ্যোগী হয়েছে ডাক বিভাগ। আজ পিংলার বিখ্যাত পটচিত্র নিয়ে একটি পিকচার পোস্টকার্ড প্রকাশ করেছে তারা।

ডাক বিভাগের দক্ষিণবঙ্গের দায়িত্বপ্রাপ্ত পোস্ট মাস্টার জেনারেল ঋজু গাঙ্গুলী, সবং সজনীকান্ত মহা বিদ্যালয়ের একটি অনুষ্ঠানে এই পোস্টকার্ড প্রকাশ করেন।

পটচিত্রকে সকলের কাছে পৌঁছে দেওয়াই ডাক বিভাগের লক্ষ্য বলে জানিয়েছেন তিন।

( বাইট- ঋজু গাঙ্গুলী)

*********************

পরিবেশ সংরক্ষণ সম্পর্কে সচেতনতার প্রসারে সারা দেশে আজ রাত ৮:৩০ টা থেকে সাড়ে নটা পর্যন্ত এই এক ঘণ্টা আর্থ আওয়ার হিসেবে পালিত হবে।

এর অঙ্গ হিসেবে আজ রাত্রি সাড়ে আটটা থেকে সাড়ে নটা পর্যন্ত সমস্ত অপ্রয়োজনীয় আলো নিভিয়ে দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। সমস্ত গুরুত্বপূর্ণ স্থান, ঐতিহাসিক স্মৃতি সৌধ, সরকারী ও বেসরকারি প্রতিষ্ঠান এবং শিল্প সংস্থাগুলিতেও এই এক ঘণ্টা প্রয়োজন ছাড়া আলো জ্বালানো হবেনা।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস পৃথিবী ও প্রকৃতির জন্য এক ঘন্টা আর্থ আওয়ার পালন করার আহ্বান জানিয়েছেন। এক্স হ্যান্ড্যালে এক বার্তায় তিনি বলেছেন, আর্থ আওয়ার, প্রকৃতি রক্ষা ও আগামী প্রজন্মকে সুরক্ষিত ভবিষ্যৎ উপহার দেওয়া নিশ্চিত করার দিকে একটি ছোট অথচ গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

*********************

আজ বিশ্ব জল দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে পালিত হবে দিনটি। মানুষের জীবন রক্ষায়, কৃষিজ উৎপাদনে ও দৈনন্দিন জীবনে , সভ্যতার বিকাশে জল অপরিহার্য। সেই নিরিখে জল সংরক্ষণ এর কথা তুলে ধরা হবে বিশ্ব জল দিবসে। উল্লেখ্য, রাষ্ট্র সংঘ ১৯৯৩ সালের ২২ শে মার্চ কে জল দিবস ঘোষণা করে।

এই উপলক্ষে দেশ জুড়ে বিভিন্ন কর্মসূচী হাতে নেওয়া হয়েছে।

*********************

আজ বিশ্ব জল দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে পালিত হবে দিনটি। মানুষের জীবন রক্ষায়, কৃষিজ উৎপাদনে ও দৈনন্দিন জীবনে, সভ্যতার বিকাশে জল অপরিহার্য। সেই নিরিখে জল সংরক্ষণের কথা তুলে ধরা হবে বিশ্ব জল দিবসে। উল্লেখ্য, রাষ্ট্র সংঘ ১৯৯৩ সালের ২২ শে মার্চ কে জল দিবস ঘোষণা করে। এই উপলক্ষে দেশ জুড়ে বিভিন্ন কর্মসূচী হাতে নেওয়া হয়েছে।

********************

বিশ্ব জল দিবস উপলক্ষ্যে পরিবেশ সংগঠন 'সবুজ মঞ্চ' সহ কয়েকটি সংস্থার সদস্যরা আজ রবীন্দ্র সরোবর চত্বরে প্রতিবাদ কর্মসূচি পালন করে।
রবীন্দ্র সরোবরের যথাযথ রক্ষণাবেক্ষণ হচ্ছে না এবং এর জন্য কোনো উন্নয়নমূলক পরিকল্পনা তৈরি হয়নি বলে অভিযোগ করেছেন বিক্ষোভকারীরা।
এদিকে, জলের গুরুত্ব সম্পর্কে মানুষকে সচেতন করতে বর্ধমান শহরে কয়েকটি স্বেচ্ছাসেবী সংগঠন আজ মিছিল করে। টাউন হল থেকে কার্জন গেট পর্যন্ত যায় মিছিল।

********************

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি ও অনুকুল পরিস্থিতি তৈরি হওয়ায় কলকাতা সহ রাজ্যের প্রায় সব জেলাতেই ঝড় বৃষ্টি হচ্ছে।

আবহাওয়া দফতর জানিয়েছে, আগামীকাল পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাতেই বিক্ষিপ্তভাবে এই ঝড়বৃষ্টি চলবে। কোথাও কোথাও শিলা বৃষ্টির'ও সম্ভাবনা।

এদিকে, উত্তরবঙ্গের সাত জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস।
আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন-

( বাইট – সৌরিশ )

সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আজ'ও সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।
জলপাইগুড়ির মালবাজার সহ ডুয়ার্সের একাধিক এলাকা কালবৈশাখী ঝড়ে বিপর্যস্ত। আজ সকালে কয়েক মিনিটের ঝড়ে জাতীয় সড়কের ওপর গাছ উপ্‌ড়ে সৃষ্টি হয় যানজট। সিকিমের পাহাড়ি এলাকায় ভারী তুষারপাতের খবর মিলেছে।

********************

বিশ্ব আবহাওয়া সংগঠন দিবসে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা- 'হাওয়া মোরগ' । আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডঃ সোমনাথ দত্তের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল।

অনুষ্ঠানের **প্রথম পর্ব** শোনা যাবে **আগামী রবিবার** গীতাঞ্জলী ও সঞ্চয়িতায় রাত সাড়ে ৮টায়। **দ্বিতীয় পর্ব** শোনা যাবে **আগামী মঙ্গলবার** সঞ্চয়িতায় রাত সাড়ে ৮'টায়।
এই আলোচনা আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সামাজিক মাধ্যমেও পাওয়া যাবে।

********************

বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ কলকাতার ইডেন গার্ডেন্সে সূচনা হয়েছে অষ্টাদশ আই পি এল প্রতিযোগিতা। আজকের উদ্বোধনী ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হয়েছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অরিজিত দত্ত)

শেষ খবর পাওয়া পর্যন্ত KKR ব্যাট করতে নেমে পাঁচ ওভারে এক উইকেটে ৪০ রান করেছে।

********************

মোহনবাগান ও ইস্টবেঙ্গল আগামীকাল কলকাতা প্রিমিয়ার লিগ হকির ফাইনালে মুখোমুখি হবে। হাওড়ার ডুমুরজলা স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল তিনটে দশে।

*************************************************************